

বাংলাদেশ জাতীয় সংসদ নির্বাচন : নির্বাচনের জন্য ১ মাস 'অন-অ্যারাইভাল' ভিসা স্থগিত

- A Monitor Desk Report

Date: 14 January, 2026



ঢাকাঃ আগামী ১৫ জানুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত নির্বাচন সংক্রান্ত কাজে বাংলাদেশে আসা বিদেশি নাগরিক ছাড়া অন্য সব বিদেশিদের জন্য 'অন-অ্যারাইভাল' ভিসা সুবিধা স্থগিত করেছে অন্তর্বর্তী সরকার।

বিদেশে থাকা বাংলাদেশের মিশনগুলোর মাধ্যমে সংশ্লিষ্ট দেশগুলোতে (যেসব দেশের নাগরিকদের অন-অ্যারাইভাল ভিসা সুবিধা দেওয়া হয়) এ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর পর ভুটান ও মালদ্বীপ সরকার তাদের নাগরিকদের এই ব্যাপারে নির্দেশনা দিয়েছে।

মঙ্গলবার (১৩ জানুয়ারি) ভুটানের পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, থিম্পুতে বাংলাদেশ দূতাবাস আনুষ্ঠানিকভাবে জানিয়েছে যে বাংলাদেশ সরকার ভুটানসহ সব যোগ্য দেশের জন্য 'ভিসা অন-অ্যারাইভাল' সুবিধা স্থগিত করেছে, যা আগামী ১৫ জানুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত কার্যকর হবে।

এই পরিপ্রেক্ষিতে যেসব ভুটানের নাগরিক উপরোক্ত সময়ের মধ্যে বাংলাদেশ ভ্রমণ করতে ইচ্ছুক তাদের ভ্রমণের আগে থিম্পুতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে ভিসার জন্য অগ্রিম আবেদন করার পরামর্শ দেওয়া হচ্ছে।

মালদ্বীপের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, আসন্ন নির্বাচনের জন্য সুরক্ষা ব্যবস্থা জোরদার করার জন্য বাংলাদেশ ১৫ জানুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত অন-অ্যারাইভাল ভিসা ইস্যু স্থগিত করবে।

এ সময় বাংলাদেশে ভ্রমণ করতে ইচ্ছুক সব যাত্রীকে হলহমালেতে অবস্থিত বাংলাদেশ হাইকমিশনের মাধ্যমে আগমনের আগে বাধ্যতামূলক ভিসা পেতে সতর্ক করেছে।

